



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ : ১৫ সেপ্টেম্বর, ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ৯.০০ টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে সমাজকর্ম বিভাগের আয়োজনে ওরিয়েন্টেশান প্রোগ্রাম অন ফিল্ড প্রেক্টিকাম শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিশ্বমানের করে গড়ে তুলতে পুথিগত বিদ্যার পাশাপাশি ব্যবহারিক শিক্ষা অর্জন খুবই প্রয়োজনীয়। সমাজকর্ম বিভাগের এ ধরনের অয়োজনে আমি তাই আনন্দিত। প্রতি বছর এই অয়োজন অব্যাহত থাকবে বলে আমি বিশ্বাস করি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমাজকর্ম বিভাগের অধ্যাপক প্রফেসর ড. নিয়াজ আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুল অব সোশ্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো ফয়সল আহমেদ এবং পরিচালনা করেন প্রফেসর ড. মো ইসমাইল হোসেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার